

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১,
জামালপুর।

স্মারক নং-৭১৭

তারিখঃ-২৮/০৯/২০২১ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, জামালপুর এর নিম্নলিখিত শূন্য পদ পূরণের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের ও যোগ্য প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন | সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা। |
|--------------|------------------------------------------------------|--------|-------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১। | ড্রাইভার (জাতীয় বেতন স্কেল-২০১৫) ৯৩০০-২২৪৯০/- | ০১ | ১৮-৩০ | মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রচলিত আইন অনুযায়ী হালকা মোটরযান চালানোর লাইসেন্স প্রাপ্ত। গাড়ী চালনায় ০৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অর্থাৎ লাইসেন্স প্রাপ্তির পর ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত হতে হবে। |

শর্তাবলিঃ-

- সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, জামালপুর বরাবর দরখাস্ত আগামী ইং ১১/১০/২০২১ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত ডাকযোগে বা সরাসরি প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হইবে। উক্ত সময়ের পর কোনভাবেই আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।
- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় হইতে প্রকাশিত নির্ধারিত ফরমের আলোকে বর্ণিত তথ্যাদি পূরণপূর্বক স্বহস্তে স্বাক্ষর করিয়া আবেদন করিতে হইবে। (www.forms.gov.bd/site/view/form-page/31fb0c39-c907-4750-9c20-ad111023bbl) ঠিকানা হইতে ডাউনলোড করা যাইবে। প্রয়োজনে ফরমের আলোকে কম্পিউটার কম্পোজ করিয়া আবেদন করা যাইবে। আবেদন ফরমের স্থানে তিন কপি পাসপোর্ট সাইজের ছবি (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করিতে হবে।
- দরখাস্তের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ৯.৫" x ৪.৫" ইঞ্চি মাপের খাম ১৪/- টাকার মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ দাখিল করিতে হবে।
- দরখাস্তের সাথে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, জামালপুর এর অনুকূলে (অফেরতযোগ্য) ১০০/- (একশত) টাকা চালানোর মাধ্যমে ১-২১০১-০০০১-২০৩১ নং কোডে সরকারি নির্ধারিত ব্যাংকে জমা দিতে হইবে এবং চালানোর মূলকপি আবেদনের সাথে দাখিল করিতে হবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- আগামী ১১/১০/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হইতে হইবে। মুক্তিযোদ্ধা এবং প্রতিবেদনী কোটার ক্ষেত্রে ৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা পিতা/মাতা/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত একটি কপি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত করিয়া দাখিল করিতে হইবে। আবেদনকারী যে মুক্তিযোদ্ধার সন্তান এই মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি সাথে সংযুক্ত করিতে হইবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- নিয়োগ পরীক্ষায় (লিখিত/মৌখিক/ব্যবহারিক) অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ প্রদান করা হইবে না।
- নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সকল বিধিবিধান অনুসরণ করা হইবে।
- খামের উপর পদের নাম এবং নিজ জেলার নাম উল্লেখ করিতে হবে।
- পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী উল্লেখপূর্বক প্রবেশপত্র যথাসময়ে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের বর্তমান ঠিকানায় প্রেরণ করা হইবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে জানানো হইবে।
- চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য।
- অনিবার্য কারণবশতঃ এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ পরিবর্তন/স্থগিত/বাতিল হইলে সে বিষয়ে পত্রিকার মাধ্যমে অবগত করানো হইবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন/সংশোধন/বাতিল করিতে পারিবেন।
- শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক ও অন্যান্য সনদ (যদি থাকে) সংক্রান্ত কাগজাদি সত্যায়িত অনুলিপি দরখাস্তের সাথে সংযুক্ত করিতে হইবে। তবে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল কাগজপত্রের মূলকপি সঙ্গে আনিতে হইবে।
- পূর্বের প্রকাশিত বিজ্ঞপ্তি ও প্রাপ্ত আবেদন বাতিল করা হইল।
- কোন ধরনের তদবির (Lobbying) প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হইবে।

স্বাক্ষরিতঃ/

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

এবং

বিচারক (জেলা ও দায়রা জজ)

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১,

জামালপুর।

পিসি-১২১৪/২১ (১০'x৩)